বাংলাদেশ উপ-হাইকমিশন
করাচি
পাকিস্তান

প্রেস বিজ্ঞপ্তি

করাচিতে যথাযোগ্য মর্যাদায় "জুলাই গণ-অভ্যুত্থান দিবস" পালিত

করাচি, ০৫ আগস্ট ২০২৬ঃ

করাচিতে বাংলাদেশ উপ-হাইকমিশন প্রাঙ্গণে যথাযোগ্য মর্যাদায় ও ভাবগাম্ভীর্যের সাথে আজ মহান জুলাই গণ-অভ্যুত্থান দিবস পালিত হয়েছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন করাচিতে বসবাসরত বাংলাদেশ কমিউনিটির সদস্যবৃন্দ, করাচিতে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে অধ্যায়নরত বাংলাদেশী ছাত্র-ছাত্রীবৃন্দ, বিশিষ্ট সাংবাদিক, বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, উপ-হাইকমিশনের কর্মকর্তা, কর্মচারীবৃন্দ ও অন্যান্য গণ্যমান্য ব্যক্তিবর্গ। অনুষ্ঠানে শুরুতেই পবিত্র কোরআন থেকে তিলাওয়াত করা হয়। এর পরে মহান জুলাই গণঅভ্যুত্থানে আত্মোৎস্বর্গকারী সকল জুলাই শহীদদের সম্মানে দাঁড়িয়ে ১ মিনিট নীরবতা পালন করা হয়। এর পরে মহান জুলাই গণঅভ্যুত্থান দিবস উপলক্ষ্যে প্রদত্ত মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্রমন্ত্রী এবং মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রীর বাণী উপস্থিত সকলের উদ্দেশ্যে পাঠ করে শোনানো হয়। মহান জুলাই গণ-অভ্যুত্থানের উপর নির্মিত একটি প্রামাণ্যচিত্র অনুষ্ঠানে প্রদর্শিত হয়। এর পরে দিবসটির তাৎপর্য পর্যালোচনা করে উপ-হাইকমিশনার জনাব মুহাম্মদ সাকিব সাদাকাত একটি বক্তব্য প্রদান করেন। উপ-হাইকমিশনার তাঁর বক্তব্যে সকল জুলাই শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন এবং তাদের আত্মার মাগফেরাত কামনা করেন ও আহতদের দ্রুত আরোগ্য কামনা করেন। তিনি জুলাই শহীদ ও আহত সকল পরিবারবর্গের প্রতি তাঁর আন্তরিক সমবেদনা ও সহমর্মিতা জ্ঞাপন করেন। পরিশেষে মহান জুলাই গণঅভ্যুত্থানে নিহত সকল বীর শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে একটি বিশেষ দোয়া ও মোনাজাতের মাধ্যমে অনুষ্ঠানের পরিসমাপ্তি হয়।

****

